




বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-১৯৫/৩০৫৯

তারিখঃ ০৬/০৩/২০১৯খ্রিঃ

বিষয় : “তাহেরিয়া সাবেরিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা”র নামের পূর্বে “পাঠানদন্ডী” শব্দ যুক্ত করে “পাঠানদন্ডী তাহেরিয়া সাবেরিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা” নামে নামকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪২.১৫১৮.৫১৪.৩০.০০১.১৮-৮০০; তারিখঃ ০৬ নভেম্বর ২০১৮খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-১৯৫/২৯৬৭; তারিখঃ ০৯/১০/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার চন্দনাইশ উপজেলাধীন “তাহেরিয়া সাবেরিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা”র নামের পূর্বে “পাঠানদন্ডী” শব্দ যুক্ত করে “পাঠানদন্ডী তাহেরিয়া সাবেরিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা” নামে নামকরণের জন্য মাদ্রাসার সুপার একথানা আবেদনপত্র বোর্ডে দাখিল করেন।

পরবর্তীতে বিদ্যমান প্রতিষ্ঠানের নামের সাথে নতুন শব্দ যুক্ত করে পুনরায় নামকরণের বিষয়টি গুরুত্বপূর্ণ বিধায় উল্লিখিত মাদ্রাসাটি সরেজমিনে পরিদর্শন পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, চন্দনাইশ, চট্টগ্রামকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, চন্দনাইশ, চট্টগ্রাম সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার পূর্ববর্তী রেকর্ড ও এমপিও তালিকা মোতাবেক নামের পূর্বে “পাঠানদন্ডী” শব্দটি সংযুক্তি করার জন্য সুপারিশ করা হয়েছে। এছাড়া বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি ও রেকর্ড যাচাইঅন্তে দেখা যায়, ১৯৯২ হতে ২০১১ সালে বোর্ড কর্তৃক প্রেরিত সনদ, টেলিফোন সীটে ও অনুমোদিত কমিটিতে “পাঠানদন্ডী” শব্দটি সংযুক্ত ছিল।

বর্ণিত অবস্থায় মাদ্রাসার সুপারের আবেদন, উপজেলা নির্বাহী অফিসারের সুপারিশ ও বোর্ডের পূর্ববর্তী রেকর্ড অনুযায়ী “তাহেরিয়া সাবেরিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা”র নামের পূর্বে “পাঠানদন্ডী” শব্দ যুক্ত করে “পাঠানদন্ডী তাহেরিয়া সাবেরিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা” নামে নামকরণ করা হলো। সংশ্লিষ্ট সকলকে “পাঠানদন্ডী তাহেরিয়া সাবেরিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা” নামে যাবতীয় কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


১৫.০৩.১৯

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১০২১৬



প্রাপকঃ সুপার, পাঠানদন্ডী তাহেরিয়া সাবেরিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা, চন্দনাইশ, চট্টগ্রাম।

নং- বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-১৯৫/৩০৫৯(১১)

তারিখঃ ০৬/০৩/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, চন্দনাইশ, চট্টগ্রাম।
- ৪। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চন্দনাইশ, চট্টগ্রাম।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ. দা.), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অগ্রনী ব্যাংক লিঃ শাখা, চন্দনাইশ, চট্টগ্রাম।
- ৯। সভাপতি/সদস্যবৃন্দ, পাঠানদন্ডী তাহেরিয়া সাবেরিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা, চন্দনাইশ, চট্টগ্রাম।
- ১০। পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪